

জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়  
১১০, মতিঝিল বা/এ  
ঢাকা

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট  
ফোন নং- ৯৫৫০৮৭

Website: www.janatabank-bd.com

০৭ আগস্ট, ২০১৭ খ্রিস্টাব্দ

তারিখঃ-----

২৩ শ্রাবন, ১৪২৪ বঙ্গাব্দ

প্রচার বিজ্ঞপ্তিঃ ২৫১/১৭

সকল মহাব্যবস্থাপক/উপ মহাব্যবস্থাপক  
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/  
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা  
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।  
বাংলাদেশ।

বিষয়ঃ ব্যাংকের তালিকা হতে সিএন্ডএফ এজেন্ট এর নাম বাতিলকরণ প্রসংগে।

মহোদয়,

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ব্যাংকের সিএন্ডএফ এজেন্টের তালিকা হতে নিম্ন বর্ণিত এজেন্টকে বাতিল করা হলোঃ-


সিএন্ডএফ এজেন্টদের নাম	ক্যাটাগরীর ধরন	শাখার নাম
পদ্মা ট্রেডিং করপোরেশন কনকর্ড গ্রান্ড ৪র্থ তলা ১৬৯/১ শান্তি নগর ঢাকা।	" বি "	এম কে রোড কর্পোরেট শাখা, যশোর


উল্লেখ্য, যেহেতু উপরি উক্ত সিএন্ডএফ এজেন্টকে ব্যাংকের অনুমোদিত সিএন্ডএফ এজেন্ট তালিকা থেকে বাতিল করা হলো, কাজেই যদি কোন শাখা আলোচ্য এজেন্টকে মালামাল খালাস করার জন্য কোন ডকুমেন্ট হস্তান্তর করে এবং তৎপ্রেক্ষিতে ব্যাংক কোন আর্থিক ক্ষতির সম্মুখীন হয় সেইক্ষেত্রে উক্ত শাখায় কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দায়ী হবেন।

প্রকাশ থাকে যে, উল্লেখিত সিএন্ডএফ এজেন্ট এর নামে যদি কোন শাখায় সরাসরি বা অগোচরে দায়-দেনা থাকে তবে এই সার্কুলার প্রচারিত হবার ১৫(পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট শাখাকে সী কাষ্টমস এর ক্ষেত্রে সি এন্ড এফ সেল বিভাগীয় কার্যালয় চট্টগ্রাম এবং ল্যান্ড কাষ্টমস এর ক্ষেত্রে এম,কে, রোড কর্পোরেট শাখা, যশোর এর নিকট জানানোর জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে। ১৫(পনের)দিনের পরে আর কোন দাবি গ্রাহ্য হবে না। সিএন্ডএফ সেল বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম ও এম কে রোড কর্পোরেট শাখা, যশোর শাখাসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দায়-দেনা সংক্রান্ত তথ্য যদি থাকে উহা পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে অত্র ডিপার্টমেন্টকে অবহিত করবে। উল্লেখিত সিএন্ডএফ এজেন্টকে বাতিল করা হয়েছে এই মর্মে শাখার রেজিস্টার/রেকর্ড সংশোধন করার জন্য নির্দেশ দেয়া হলো।

সিএন্ডএফ সেল বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম এবং এম,কে,রোড কর্পোরেট শাখা, যশোরকে অত্র সার্কুলার ইস্যুর ২১(একুশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের দায় দেনা সম্পর্কিত তথ্য অত্র বিভাগকে অবহিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,

  
(মোঃ আবদুর রউফ)  
উপ- মহাব্যবস্থাপক

  
(মোঃ মাসুদ হক)  
মহাব্যবস্থাপক